গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

**জুন/২০২৬ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ সাইফুল হাসান<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২৯/০৫/২০২৬ খ্রি |
| সভার সময় | শনিবার, দুপুর ১২:৩০ টা |
| স্থান | আইসিটি অধিদপ্তরের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণ |

সভাপতি সভার শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও প্রশাসন) বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম. | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **গত সভার কার্যবিবরণী অনুমোদনঃ**<br>সভায় গত সভার কার্যবিবরণী উপস্থাপন করা হলে সভাপতি উপস্থিত সদস্যদের কাছে জানতে চান, উক্ত কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধনীর প্রস্তাব আছে কিনা এবং তাঁরা যথাযথভাবে তা পাঠ করেছেন কিনা। সভায় আরও উল্লেখ করা হয় যে, প্রতিমাসে কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে নিয়মিত আলোচনা করা হবে। | কার্যবিবরণীতে কোনো সংযোজন বা বিয়োজন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। | প্রশাসন শাখা |

| | | | |
|---|---|---|---|
| ২। | **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ট্রেইনিং সংক্রান্ত তথ্য:**<br><br>২.১। প্রধান কার্যালয়/ জেলা/ উপজেলা/ প্রকল্পসমূহের প্রশিক্ষণের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন ও নির্ভুলভাবে ডাটাবেজে সংরক্ষণের জন্য গঠিত কমিটি জানান, প্রশিক্ষণার্থীদের তথ্য কেন্দ্রীয় ভাবে সংরক্ষণ করা হচ্ছে। একই ব্যক্তি একই প্রশিক্ষণে একাধিকবার যেন মনোনয়ন প্রাপ্ত না হোন সেটি নিশ্চিত করা হচ্ছে। প্রধান কার্যালয়সহ সকল কর্মকর্তা-কর্মচারীর জন্য একটি সমন্বিত Service ID চালুর উদ্যোগ গ্রহণের বিষয়ে আলোকপাত করা হয়। উক্ত ব্যবস্থার মাধ্যমে প্রত্যেক কর্মকর্তার প্রশিক্ষণ ইতিহাস সংরক্ষণ, প্রশিক্ষণ ব্যবস্থাপনায় স্বচ্ছতা নিশ্চিতকরণ এবং একই ব্যক্তি যেন অপ্রয়োজনীয়ভাবে একই প্রশিক্ষণে একাধিকবার অংশগ্রহণ না করেন তা নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>২.২। মহাপরিচালক আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কেন্দ্রীয়ভাবে মাঠপর্যায়ের সকল ডাটাবেজ সংরক্ষণ কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।<br><br>২.৩। ডাটাবেজ সংরক্ষণের নিমিত্ত SOMS অ্যাপ্লিকেশনে ডাটা মডিউল সংযোজন বিষয়ে আলোচনা হয়।<br><br>২.৪। দক্ষতা উন্নয়ন ও বিশেষায়িত প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। | ২.১। কেন্দ্রীয় পর্যায়ে ডাটাবেজ সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২.২। আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কেন্দ্রীয়ভাবে মাঠপর্যায়ের সকল প্রশিক্ষণের ডাটাবেজ সংরক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br><br>২.৩। আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে SOMS অ্যাপ্লিকেশনে প্রশিক্ষণ-সংক্রান্ত তথ্য সংরক্ষণের জন্য প্রয়োজনীয় ডাটা ও মডিউল সংযোজন করতে হবে। | ১। সংশ্লিষ্ট শাখা প্রধানগণ<br>২। সহকারী প্রোগ্রামার (প্রশাসন)<br>৩। প্রশিক্ষণ কমিটি |
| ৩। | **নিয়োগ বিধিমালা ও সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ:**<br>৩.১। আইসিটি অধিদপ্তরের নিয়োগ বিধিমালায় মহাপরিচালক পদকে গ্রেড-২ থেকে গ্রেড-১ এ উন্নীতকরণ এবং ইনস্ট্রাক্টর ও লাইব্রেরিয়ান পদ যুক্তকরণের জন্য বেতনস্কেল যাচাই ও গ্রেড নির্ধারণের বিষয়ে আইসিটি বিভাগ থেকে অর্থ বিভাগে ০২/০৭/২০২৪ তারিখে দুটি পৃথক স্মারক প্রেরণ করা হয়। পরবর্তীতে অর্থ বিভাগ থেকে প্রয়োজনীয় তথ্য চেয়ে ২৪/১২/২০২৪ তারিখে আইসিটি বিভাগ একটি পত্র পাঠায়। এর প্রেক্ষিতে ২৩/০২/২০২৫ তারিখে আইসিটি বিভাগে প্রয়োজনীয় তথ্যসহ একটি উত্তর প্রেরণ করা হয়। পরবর্তীতে ০৬/০৩/২০২৫ তারিখে অর্থ বিভাগের যাচিত তথ্যসহ আইসিটি বিভাগ পুনরায় পত্র প্রেরণ করে। বিষয়টি নিয়ে আইসিটি বিভাগ ও অর্থ বিভাগের মধ্যে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>৩.২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো (TO&E) সংশোধন ও হালনাগাদকরণের লক্ষ্যে আইসিটি বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। পাশাপাশি নতুন পদ সৃজন ও নিয়োগ বিধিমালা সংশোধনের জন্য ১৯/০২/২০২৬ তারিখে পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)-কে প্রধান করে একটি কমিটি পুনঃগঠন করা হয়েছে। পুনঃগঠিত কমিটিতে ০৫ (পাঁচ) জন সদস্যের নাম পাওয়া গেছে। শুধু PSC হতে সদস্যদের নাম সংগ্রহের চেষ্টা চলমান মর্মে সভাকে অবহিত করা হয়। | ৩.১। আইসিটি অধিদপ্তরেরর নিয়োগ বিধিমালায় মহাপরিচালক পদকে গ্রেড-২ থেকে গ্রেড-১ এ উন্নীতকরণের নিমিত্ত বেতনস্কেল যাচাই/ভেটিংয়ের জন্য এবং ইনস্ট্রাক্টর ও লাইব্রেরিয়ান পদ যুক্তকরণের নিমিত্ত আইসিটি বিভাগ ও অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>৩.২। নতুন পদ সৃজন ও নিয়োগ বিধিমালা সংশোধনপূর্বক গঠিত কমিটির প্রস্তাব অনতিবিলম্বে বিভাগে প্রেরণ করতে হবে।<br>৩.৩। PSC-এর প্রতিনিধির নাম প্রাপ্তির পরপরই সভা আহ্বান করত: কমিটির কার্যক্রম শুরু করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক<br>২। পরিচালক (অর্থ ও প্রশাসন)<br>৩। উপ-পরিচালক (প্রশাসন)<br>৪। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ)<br>৫। সহকারী প্রোগ্রামার (প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| ৪। | **কর্মকর্তা/কর্মচারীদের জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্ত:**<br><br>৪.১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ৬ষ্ঠ থেকে ১০ম গ্রেডভুক্ত কর্মকর্তাদের জ্যেষ্ঠতা নির্ধারণের লক্ষ্যে গত ০২/০৫/২০২৪ তারিখের ৩৮৪ নং স্মারক পত্রমূলে একটি কমিটি গঠন করে খসড়া তালিকা প্রস্তুত করার নির্দেশ দেওয়া হয়। পরবর্তীতে ০২/০৭/২০২৪ তারিখের ৩১৮ নং স্মারক পত্রমূলে সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই করে স্থায়ীকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণের জন্য মতামত/সুপারিশ প্রদানের উদ্দেশ্যে পুনরায় একটি কমিটি গঠন করা হয়। অধিদপ্তরের প্রায় ৬০০ কর্মকর্তা (৬ষ্ঠ ও ৯ম গ্রেডের ME, NE, P, DA, WA, AD, AP, ANE পদে কর্মরত) এর ফিডার পদ ও তথ্যাদি যাচাই সাপেক্ষে ভিন্ন ভিন্ন তালিকা প্রস্তুত করে পর্যায়ক্রমে জ্যেষ্ঠতা তালিকা প্রণয়নের বিষয়ে আলোচনা হয়।<br><br>৪.২। অপরদিকে, অধিদপ্তরের ১৩তম থেকে ১৬তম গ্রেডভুক্ত কর্মচারীদের জ্যেষ্ঠতা তালিকা প্রণয়নের জন্য গত ১৫/০৪/২০২৬ তারিখে স্মারক নং ৫৬.০৪.০০০০.০০০.০০৮.৩২.০০০১. ২৩.৩২৬ এর মাধ্যমে খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রকাশ করা হয়েছে। প্রকাশিত খসড়া তালিকা অনুযায়ী ১৭টি জ্যেষ্ঠতা তালিকা/শিক্ষাগত যোগ্যতা সংশোধনের আবেদন উত্থাপিত হয়েছে, যা পর্যালোচনা ও নিষ্পত্তির প্রয়োজন রয়েছে। এ লক্ষ্যে আগামী ০৬/০৭/২০২৬ তারিখে একটি সভা আহ্বান করা হয়েছে। | ৪.১। অধিদপ্তরে ৬ষ্ঠ ও ৯ম গ্রেডের বিভিন্ন পদের (ME, NE, P, DA, WA এবং, AD, AP, ANE) প্রায় ৬০০ কর্মকর্তার মধ্যে ফিডার পদ এবং তালিকা ও তথ্যাদি প্রস্তুত সাপেক্ষে বিভিন্ন পদের কর্মকর্তাদের ভিন্ন ভিন্ন তালিকা পর্যায়ক্রমে প্রস্তুত করে জ্যেষ্ঠতার তালিকা প্রণয়নের প্রস্তাব নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে আইসিটি বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>৪.২। অধিদপ্তরের ১৩তম থেকে ১৬তম গ্রেডের জ্যেষ্ঠতা-সংক্রান্ত আপত্তিসমূহ যাচাই-বাছাইপূর্বক আগামী জুলাই ২০২৬ এর মধ্যে নিষ্পত্তি করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক<br>২। পরিচালক (অর্থ ও প্রশাসন)<br>৩। উপ-পরিচালক (প্রশাসন)<br>৪। সহকারী প্রোগ্রামার (প্রশাসন) |
| ৫। | **অধিদপ্তরের বিভিন্ন শূন্য পদে নিয়োগ:**<br>৫.১। অধিদপ্তরের ১৮৬০ পদের বিপরীতে বিভিন্ন ক্যাটাগরিতে ৮৬৩টি পদ শূন্য রয়েছে। ২০২৬-২৭ অর্থবছরের GPMS-এ শূন্য পদ পূরণে ১৮ জনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। পদসমূহ নিম্নরূপ:<br>১. কম্পিউটার অপারেটর গ্রেড -১৩, পদসংখ্যা-১৬<br>২. অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, গ্রেড -১৬, পদসংখ্যা -১<br>৩. প্লাম্বার গ্রেড -১৬, পদসংখ্যা-১<br>এছাড়া মামলা সংশ্লিষ্ট শূন্য পদের বিষয়ে আদালতের আদেশ পর্যালোচনা করে আইনজীবীর মতামত গ্রহণপূর্বক বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। | ৫.১। বর্ণিত ১৮টি শূণ্যপদে নিয়োগ কার্যক্রমের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (অর্থ ও প্রশাসন)<br>২। উপ-পরিচালক (প্রশাসন)<br>৩। সহকারী প্রোগ্রামার (প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| ৬। | **মামলা পরিচালনা:**<br>৬.১। মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা ও দ্রুত নিষ্পত্তিকরণ সংক্রান্ত কমিটি কর্তৃক গত ১৮ জুন ২০২৬ তারিখে একটি সভা আয়োজন করা হয়। চলমান ও বিচারাধীন মামলাসমূহের দ্রুত ও কার্যকর নিষ্পত্তি নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতিটি মামলা পৃথকভাবে পর্যালোচনা করে দফাওয়ারি জবাব প্রস্তুত, অধিদপ্তরের নিযুক্ত আইনজীবীকে প্রয়োজনীয় নির্দেশনা ও প্রশাসনিক-আর্থিক সহায়তা প্রদান এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সলিসিটর শাখা ও সংশ্লিষ্ট হাইকোর্ট বিভাগের রিট শাখার সঙ্গে নিয়মিত সমন্বয় ও যোগাযোগ অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়।<br>মামলা পরিচালনাঃ আইসিটি অধিদপ্তরে মামলাগুলোর বর্তমান অবস্থা নিম্নরূপঃ<br>হাইকোর্ট ডিভিশনের রিট মামলা<br>▪ **১৮০৩৬/২০১৭**: শুনানির জন্য কার্যতালিকায় ছিল। এখতিয়ার পরিবর্তনের কারণে নতুন বেঞ্চে দাখিলের প্রস্তুতি চলছে। মামলার আধিক্যের কারণে শুনানি ও নিষ্পত্তিতে সময় লাগছে।<br>▪ **৫১৮১/২০১৮**: নতুন বেঞ্চে শুনানির জন্য উপস্থাপনের কার্যক্রম চলমান।<br>▪ **১৯১০/২০১৯**: এসএফ জমা দেওয়া হয়েছে। ১৩/০৫/২০২৬ তারিখে শুনানি হওয়ার কথা থাকলেও সামার ভেকেশনের কারণে স্থগিত হয়েছে; ভেকেশনের পর শুনানি হবে।<br>▪ **৫৬৯০/২০১৯**: আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং ১৪২৮/২০২৪ দায়ের করা হয়েছে। আইনগত পদক্ষেপ গ্রহণ ও দ্রুত শুনানির ব্যবস্থা চলছে।<br>▪ **৭৩৯২/২০২৪**: দ্রুত শুনানির ব্যবস্থা গ্রহণের কার্যক্রম চলমান।<br>▪ **৩০১/২০২৪**: বাদী মামলা প্রত্যাহারের আবেদন করেছেন। প্রয়োজনীয় তথ্য হাইকোর্টে দাখিলের জন্য প্রকল্প দপ্তরকে অবহিত করতে হবে।<br>▪ **৭০৬১/২০২৫**: দফাওয়ারি জবাব প্রস্তুতের জন্য আইনজীবীকে নির্দেশ দেওয়া হয়েছে; দ্রুত জমা দেওয়া হবে।<br>▪ **২০৫৮/২০২৫ (৭০৬১/২০২৫ হতে উদ্ভূত)**: আপিলের জবাব প্রস্তুতের কার্যক্রম চলমান; দ্রুত জমা দেওয়া হবে।<br>▪ **১১৮০৯/২০২৫**: মামলার রেকর্ড সংগ্রহ করা হয়েছে; আইনগত কার্যক্রম গ্রহণের প্রক্রিয়া চলমান।<br>▪ **প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা**<br>▪ **১৫২/২০২৪**: এসএফ দাখিল করা হয়েছে। ১২/০১/২০২৫ তারিখে শুনানি অনুষ্ঠিত হয়েছে। ২০১৯ সালে নিয়োগপ্রাপ্ত সহকারী প্রোগ্রামারগণ সময় চেয়েছেন। পরবর্তী শুনানি ১১/০৬/২০২৬ তারিখে নির্ধারিত।<br>▪ **১৬১/২০২৪**: এসএফ দাখিল করা হয়েছে। ১২/০১/২০২৫ তারিখে শুনানি অনুষ্ঠিত হয়েছে। সহকারী প্রোগ্রামারগণ সময় চেয়েছেন। পরবর্তী শুনানি ১১/০৬/২০২৬ তারিখে নির্ধারিত।<br>অধিকাংশ রিট মামলা নতুন বেঞ্চে শুনানির অপেক্ষায় বা আপিল প্রক্রিয়ায় রয়েছে। একটি মামলায় বাদী প্রত্যাহারের আবেদন করেছেন, আবার কিছু মামলায় দফাওয়ারি জবাব প্রস্তুত চলছে। প্রশাসনিক ট্রাইব্যুনালের দুটি মামলায় শুনানি কার্যক্রম চলমান রয়েছে। | ৬.১। টেকনেশিয়ান কর্তৃক দায়েরকৃত মামলাসমূহে আদালতের আদেশ পর্যালোচনাপূর্বক আইনজীবীর মতামত গ্রহণ করে আইসিটি বিভাগে পত্র প্রেরণ করতে হবে।<br>6.2। গঠিত কমিটি জুলাই ২০২৬ এর মধ্যে মামলাসমূহ নিষ্পত্তি সংক্রান্ত প্রয়োজনীয় সুপারিশ সম্বলিত রিপোর্ট প্রদান করবে।<br>৬.৩। প্রতিটি মামলা পৃথকভাবে পর্যালোচনা করে দফাওয়ারি জবাব প্রস্তুতপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আদালতে দাখিলের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬.৪। অধিদপ্তরের নিযুক্ত আইনজীবীকে প্রয়োজনীয় নির্দেশনা ও প্রশাসনিক-আর্থিক সহায়তা প্রদান এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সলিসিটর শাখা ও সংশ্লিষ্ট হাইকোর্ট বিভাগের রিট শাখার সঙ্গে নিয়মিত সমন্বয় ও যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক<br>২। সহকারী প্রোগ্রামার<br>৩। (সেবা) - ফোকাল পয়েন্ট<br>কমিটি মামলা নিষ্পত্তি |

<table>
<tr>
<td>৭।</td>
<td>প্রতিবেদন/রিপোর্ট প্রেরণঃ<br><br>৭.১। মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন, ১৮০ দিনের কর্মসূচী, জিপিএমএস, জাতীয় সংসদের প্রশ্নোত্তর, প্রকল্প অগ্রগতি, এডিপি, বাজেট, অডিট, মাসিক মন্ত্রিপরিষদ প্রতিবেদন, অনুমোদিত, বিদ্যমান ও শূন্য পদের বিবরণ ত্রৈমাসিক প্রতিবেদন, বিবিধ তথ্য ও সংস্কার অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে নির্ভুলভাবে সকল প্রতিবেদন প্রেরণ নিশ্চিতকরণে গুরুত্বারোপ করা হয়।</td>
<td>৭.১। মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক স্ব-স্ব প্রতিবেদনের হালনাগাদ বিস্তারিত তথ্য সভায় উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত হয়।<br>৭.২। জাতীয় সংসদে উত্থাপিত প্রশ্নোত্তর-সংক্রান্ত তথ্য প্রতি সপ্তাহে হালনাগাদ করতে হবে।<br>৭.২। প্রকল্পের প্রতিটি কম্পোনেন্টের হালনাগাদ তথ্য সংরক্ষণ করতে হবে।<br>৭.৩। কী কী প্রতিবেদন বিভাগসহ বিভিন্ন মন্ত্রণালয়ে সময়ে সময়ে প্রেরণ করতে হয় তার একটি তালিকা প্রস্তুত করতে হবে।</td>
<td>১। সংশ্লিষ্ট শাখা প্রধানগণ<br>২। জনাব মোঃ আশিক আকবর, ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার (প্রশাসন)</td>
</tr>
<tr>
<td>৮।</td>
<td>ডি-নথিঃ<br><br>৮.১। মে/২০২৬ মাসের ডি-নথি কার্যক্রমে নিম্নরূপ তথ্য সভায় উপস্থাপন করা হয়ঃ
<table>
<tr><th colspan="5">মোট নথি নিষ্পত্তিকৃত</th><th rowspan="2">মোট পত্রজারি</th></tr>
<tr><th>তৈরিকৃত নথির সংখ্যা</th><th>ডাক নোটে নিষ্পত্তি (ক)</th><th>নোটে নিষ্পত্তি (খ)</th><th>পত্রজারিতে নিষ্পন্ন নোট (গ)</th><th>মোট (ক+খ+গ)</th></tr>
<tr><td>৩</td><td>২৯</td><td>১২</td><td>৭০</td><td>১০১</td><td>৭৮</td></tr>
</table>
৮.২। সভায় মাঠপর্যায়ের কর্মকর্তাদের ডি-নথি ব্যবহারে এক্সেসজনিত জটিলতা ও সমস্যা নিরসন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং মাঠপর্যায়ের কর্মকর্তাদের ডি-নথিতে এক্সেস প্রদানের জন্য গত ২৮ জুন ২০২৬ তারিখে পত্র প্রেরণ করা হয়।<br><br>৮.৩। ডি-নথি সিস্টেমে Cyber Attack রোধকল্পে বিসিসি কর্তৃক আইসিটি অধিদপ্তরকে গত ১৯/০৩/২৪ তারিখে ১০০০টি ই-সাইনের মিনি বান্ডেল প্রদান করা হয়েছে। তন্মধ্যে ২৪৪ টি ই-সাইন ব্যবহৃত হয়েছে।</td>
<td>৮.১। সকল পত্র ডি-নথিতে উপস্থাপন নিশ্চিত করতে হবে।<br>৮.২। মাঠপর্যায়ের কর্মকর্তাদের ডি-নথিতে এক্সেস প্রদানের জন্য পুনরায় পত্র প্রেরণ করতে হবে।<br>৮.৩। ডেস্ক অফিসার পর্যায়ে জারিকৃত সকল পত্রে ই-সাইন নিশ্চিত করতে হবে।</td>
<td>১। শাখা-অধিশাখা প্রধানগণ<br>২। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ)<br>৩। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (প্রশাসন)</td>
</tr>
<tr>
<td>৯।</td>
<td>পরিদর্শন:<br>৯.১। বিভিন্ন জেলা ও উপজেলা কার্যালয় অনলাইনে পরিদর্শনের বিষয়টি উল্লেখ করে কর্মকর্তাদের নির্ধারিত সময়ে নিজ নিজ কর্মস্থলে উপস্থিত থেকে দায়িত্ব পালন নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করা হয়। একই সঙ্গে সকল কার্যালয়ের টেলিফোন সচল রেখে প্রয়োজনীয় যোগাযোগ নিশ্চিত করা এবং যেসব কার্যালয়ের টেলিফোন লাইন অকার্যকর রয়েছে, সেগুলো দ্রুত মেরামতের জন্য বিটিসিএল-এর সঙ্গে প্রয়োজনীয় সমন্বয় করার বিষয়ে আলোচনা করা হয়।<br>৯.২। ৩০০টি ডিজিটাল স্কুল অব ফিউচার এবং ৯০০১টি আইসিটিডি ল্যাবের সর্বশেষ অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে হালনাগাদ তথ্য সংগ্রহ করে গঠিত কমিটির নিকট নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।<br>৯.৩। পরিদর্শন সংক্রান্ত কমিটি SOMS সফটওয়্যারের পরিদর্শন (Inspection) মডিউলে প্রতিবেদনসমূহের কার্যকর শ্রেণিবিন্যাস নিশ্চিতকরণের লক্ষ্যে "প্রধান কার্যালয়", "আইসিটি শিক্ষা প্রতিষ্ঠান ল্যাব প্রকল্প" এবং "ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি)" পৃথক ক্যাটাগরি হিসেবে সংযোজনপূর্বক প্রয়োজনীয় কারিগরি উন্নয়ন সম্পন্ন করার বিষয়ে সুপারিশ করে।<br>৯.৪। নিম্নবর্ণিত জেলাসমূহ কর্তৃক ৩০০টি ডিজিটাল স্কুল অব ফিউচার এবং ৯০০১টি আইসিটিডি ল্যাব এর অগ্রগতি প্রতিবেদন দাখিল করা হয়নি।</td>
<td>৯.১। কর্মকর্তাগণের নিয়মিত যথাসময়ে উপস্থিতি নিশ্চিতকরণ সংক্রান্ত সুনির্দিষ্ট তথ্য-উপাত্ত উপস্থাপন করতে হবে।<br><br>৯.২। বিটিসিএল এর সাথে সমন্বয় করে দাপ্তরিক টেলিফোন সংযোগ সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৯.৩। ৩০০টি ডিজিটাল স্কুল অব ফিউচার এবং ৯০০১টি আইসিটিডি ল্যাব এর হালনাগাদ তথ্য গঠিত কমিটি আগামী ৩ দিনের মধ্যে সংগ্রহ করত: রিপোর্ট পেশ করবে।</td>
<td>১। উপ-পরিচালক ও তদুর্ধ্ব কর্মকর্তাগণ<br>২। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ)<br>৩। জেলা কার্যালয় (সকল জেলা)<br>৪। উপজেলা কার্যালয়, (সকল উপজেলা)<br>৫। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (প্রশাসন)</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td>
অনুপস্থিত উপজেলা (৩৬টি)
<table>
<tr><th>ক্রম</th><th>বিভাগ</th><th>জেলা</th><th>উপজেলা</th></tr>
<tr><td>1</td><td>ঢাকা</td><td>গাজীপুর</td><td>কাপাসিয়া</td></tr>
<tr><td>2</td><td>ঢাকা</td><td>গাজীপুর</td><td>গাজীপুর সদর</td></tr>
<tr><td>3</td><td>ঢাকা</td><td>গোপালগঞ্জ</td><td>কাশিয়ানী</td></tr>
<tr><td>4</td><td>ঢাকা</td><td>গোপালগঞ্জ</td><td>গোপালগঞ্জ সদর</td></tr>
<tr><td>5</td><td>ঢাকা</td><td>গোপালগঞ্জ</td><td>টুংগীপাড়া</td></tr>
<tr><td>6</td><td>ঢাকা</td><td>টাঙ্গাইল</td><td>গোপালপুর</td></tr>
<tr><td>7</td><td>ঢাকা</td><td>মাদারীপুর</td><td>কালকিনি</td></tr>
<tr><td>8</td><td>ঢাকা</td><td>মাদারীপুর</td><td>ডাসার</td></tr>
<tr><td>9</td><td>ঢাকা</td><td>মাদারীপুর</td><td>রাজৈর</td></tr>
<tr><td>10</td><td>ঢাকা</td><td>মাদারীপুর</td><td>শিবচর</td></tr>
<tr><td>11</td><td>ঢাকা</td><td>রাজবাড়ী</td><td>কালুখালী</td></tr>
<tr><td>12</td><td>ঢাকা</td><td>রাজবাড়ী</td><td>পাংশা</td></tr>
<tr><td>13</td><td>ঢাকা</td><td>রাজবাড়ী</td><td>রাজবাড়ী সদর</td></tr>
<tr><td>14</td><td>ঢাকা</td><td>শরীয়তপুর</td><td>জাজিরা</td></tr>
<tr><td>15</td><td>ঢাকা</td><td>শরীয়তপুর</td><td>ভেদরগঞ্জ</td></tr>
<tr><td>16</td><td>বরিশাল</td><td>ঝালকাঠি</td><td>কাঠালিয়া</td></tr>
<tr><td>17</td><td>বরিশাল</td><td>ঝালকাঠি</td><td>নলছিটি</td></tr>
<tr><td>18</td><td>বরিশাল</td><td>পটুয়াখালী</td><td>রাঙ্গাবালী</td></tr>
<tr><td>19</td><td>বরিশাল</td><td>বরিশাল</td><td>বাবুগঞ্জ</td></tr>
<tr><td>20</td><td>বরিশাল</td><td>বরিশাল</td><td>মুলাদী</td></tr>
<tr><td>21</td><td>বরিশাল</td><td>বরিশাল</td><td>মেহেন্দিগঞ্জ</td></tr>
<tr><td>22</td><td>বরিশাল</td><td>বরিশাল</td><td>হিজলা</td></tr>
<tr><td>23</td><td>বরিশাল</td><td>ভোলা</td><td>চরফ্যাশন</td></tr>
<tr><td>24</td><td>বরিশাল</td><td>ভোলা</td><td>তজুমদ্দিন</td></tr>
<tr><td>25</td><td>বরিশাল</td><td>ভোলা</td><td>ভোলা সদর</td></tr>
<tr><td>26</td><td>বরিশাল</td><td>ভোলা</td><td>লালমোহন</td></tr>
<tr><td>27</td><td>রংপুর</td><td>গাইবান্ধা</td><td>সাঘাটা</td></tr>
<tr><td>28</td><td>রংপুর</td><td>ঠাকুরগাঁও</td><td>ঠাকুরগাঁও সদর</td></tr>
<tr><td>29</td><td>রংপুর</td><td>ঠাকুরগাঁও</td><td>বালিয়াডাঙ্গী</td></tr>
<tr><td>30</td><td>রংপুর</td><td>ঠাকুরগাঁও</td><td>রাণীশংকৈল</td></tr>
<tr><td>31</td><td>রংপুর</td><td>ঠাকুরগাঁও</td><td>হরিপুর</td></tr>
<tr><td>32</td><td>রংপুর</td><td>নীলফামারী</td><td>কিশোরগঞ্জ</td></tr>
<tr><td>33</td><td>রংপুর</td><td>নীলফামারী</td><td>জলঢাকা</td></tr>
<tr><td>34</td><td>রংপুর</td><td>নীলফামারী</td><td>ডিমলা</td></tr>
<tr><td>35</td><td>রংপুর</td><td>নীলফামারী</td><td>ডোমার</td></tr>
<tr><td>36</td><td>রংপুর</td><td>নীলফামারী</td><td>সৈয়দপুর</td></tr>
</table>
</td>
<td>৯.৩। SOMS সফটওয়্যারের পরিদর্শন (Inspection) মডিউলে প্রতিবেদনসমূহের কার্যকর শ্রেণিবিন্যাস নিশ্চিতকরণের লক্ষ্যে “প্রধান কার্যালয়”, “আইসিটি শিক্ষা প্রতিষ্ঠান ল্যাব প্রকল্প” এবং “ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি)” পৃথক ক্যাটাগরি হিসেবে সংযোজনপূর্বক প্রয়োজনীয় কারিগরি উন্নয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।</td>
<td>৬। প্রশাসনিক ও প্রকল্প সংক্রান্ত পরিদর্শন সুপারিশ কমিটি</td>
</tr>
<tr>
<td>৯।</td>
<td>বিভিন্ন দিবস উদ্‌যাপন সংক্রান্ত:<br><br>৯.১। ২০২৬-২৭ অর্থবছরে বিভিন্ন দিবস/ইভেন্টসমূহ GPMS সহ অন্যান্য লক্ষ্যমাত্রার সাথে সমন্বয় করে উদ্যোগ গ্রহণের আলোচনা হয়।<br><br>৯.২। আসন্ন ইভেন্ট আয়োজনের লক্ষ্যে সার্বিক প্রস্তুতি, বাস্তবায়ন কৌশল এবং সময়সূচি নির্ধারণের বিষয়ে আলোচনা হয়। এ লক্ষ্যে একটি সমন্বিত Event Plan প্রণয়নের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করা হয়।</td>
<td>৯.১। ২০২৬-২৭ অর্থবছরে এ অধিদপ্তর নির্বাহক এজেন্সী হিসেবে পূর্বের ধারাবাহিকতায় যে সমস্ত দিবস/ইভেন্ট আয়োজন করবে তার পরিকল্পনা গ্রহণ করতে হবে।</td>
<td>১। অতিরিক্ত মহাপরিচালক<br>২। পরিচালক (অর্থ ও প্রশাসন)<br>৩। উপ-পরিচালক (অর্থ)<br>৪। সহকারী পরিচালক/ সহকারী প্রোগ্রামার, অর্থ শাখা।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>১০।</td>
<td>
প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের মোটর সাইকেল তথ্য হালনাগাদকরণ:<br><br>
১০.১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কর্মকর্তাগণের বরাদ্দকৃত মোটরসাইকেলের বর্তমান অবস্থা ও প্রাধিকার এবং এ সংক্রান্তে বিদ্যমান জটিলতা নিরসনের লক্ষ্যে গঠিত কমিটির গত ১৯/০৫/২০২৬ তারিখের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।<br><br>
১। প্রধান কার্যালয়ে আছে - ১৬<br>
২। জেলা, উপজেলায় বাজেট দেওয়া হয়েছে - ৪৪০<br>
৩। মোটর সাইকেল আছে মোট - ৩৮০<br>
৪। জনাব আশিক আকবর, ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার হতে প্রাপ্ত তথ্য - ৩৬৪<br>
৫। বাজেটে দেওয়া হয়েছে কিন্তু কেনা হইনি - ৫৪<br><br>
১০.২। ২০১৬-১৭ হতে ২০১৯-২০ অর্থবছরের বাজেট এর প্রেক্ষিতে মোট ৪৪০ টি জেলা ও উপজেলার বাজেট বরাদ্দের দেওয়া হয়েছে ।<br><br>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>মোটর সাইকেল ক্রয় বাবদ অর্থ প্রদানের সাল</th><th>কতটি উপজেলায় বরাদ্দ প্রদান</th><th>মোটর সাইকেল প্রতি বরাদ্দের পরিমান</th><th>মোটর সাইকেল ক্রয় বাবদ প্রদেয় অর্থের পরিমান</th></tr>
<tr><td>০১</td><td>২৪/০৪/২০১৬ খ্রি.</td><td>১৮০ টি</td><td>১৮০,০০০/-</td><td>৩,২৪০,০০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>০৪/০৫/২০১৭ খ্রি.</td><td>০৬ টি</td><td>১৮০,০০০/-</td><td>১০৮০,০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>১৯/০৫/২০১৯ খ্রি.</td><td>০১ টি</td><td>১৮০,০০০/-</td><td>১৮০,০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>১৯/০৫/২০২০ খ্রি.</td><td>২৫৩ টি</td><td>১৪০,০০০/-</td><td>৩,৫৪,২০,০০০/-</td></tr>
<tr><td></td><td></td><td>মোট =৪৪০ টি</td><td></td><td></td></tr>
</table>
</td>
<td>১০.১। আগামী ১০/০৭/২০২৬ তারিখের মধ্যে মোটরসাইকেল সংক্রান্ত হালনাগাদ তথ্য নিশ্চিতপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে।</td>
<td>১। উপ-পরিচালক (অর্থ)<br>২। সহকারী প্রোগ্রামার (অর্থ)<br>৩। হিসাব রক্ষক (অর্থ)<br>৪। কমিটি</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১১ | **বাজেট প্রণয়ন, বিভাজন, বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতি:**<br>**১১.১**। অধিদপ্তরের বাজেট বাস্তবায়নের সার্বিক অগ্রগতি কার্যকরভাবে পর্যবেক্ষণ ও মূল্যায়নের জন্য বাজেট-সংক্রান্ত তথ্য নিয়মিত হালনাগাদের প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা হয়। এ সময় বাজেটের মোট বরাদ্দ, মাসিক ও সামগ্রিক বাস্তবায়ন অগ্রগতি, সভায় উপস্থাপিত তথ্য, মোট ব্যয়, অব্যয়িত/বাতিলকৃত বরাদ্দসহ সংশ্লিষ্ট সকল তথ্য সম্বলিত একটি সমন্বিত ডাটাবেজে সংরক্ষণ এবং প্রয়োজন অনুযায়ী তা উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়। | ১১.১। অধিদপ্তরের বাজেট বাস্তবায়নের তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে এবং বাজেটের মোট বরাদ্দ, মাসিক অগ্রগতি, সামগ্রিক অগ্রগতি, সভায় উপস্থাপিত তথ্য, মোট ব্যয়, অব্যয়িত/বাতিলকৃত বরাদ্দসহ সংশ্লিষ্ট সকল তথ্য সংরক্ষণ ও উপস্থাপন করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক<br>২। পরিচালক (অর্থ ও প্রশাসন)<br>৩। উপ-পরিচালক (অর্থ)<br>৪। সহকারী পরিচালক/ সহকারী প্রোগ্রামার, অর্থ শাখা। |
| ১২। | **অডিট আপত্তি:**<br>**১২.১**। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অডিট মেমোসমূহ নিষ্পত্তির লক্ষ্যে প্রাথমিক জবাব প্রস্তুতপূর্বক Audit Management & Monitoring System (AMMS) 2.0-এ আপলোড করা হয়েছে।<br>এছাড়াও, পূর্বের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য "অডিট আপত্তি নিষ্পত্তি" বিষয়ক গঠিত কমিটি কর্তৃক আয়োজিত গত ১৫ জুন ২০২৬ খ্রি. সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ০৭ জুলাই ২০২৬ তারিখের মধ্যে অনিষ্পন্ন অডিট আপত্তি সমূহের জবাব প্রস্তুত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের দায়িত্ব প্রদান করা হয়েছে। পরবর্তীতে অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহের জবাব যাচাই এবং সংশোধনপূর্বক দ্বিপক্ষীয় ও পর্যায়ক্রমে ত্রিপক্ষীয় সভার আয়োজন করা হবে মর্মে আলোচনা হয়।<br>১২.২। সভায় প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ অডিট এবং জেলা পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক উপজেলা পর্যায়ের অডিট করার বিষয়ে আলোচনা হয়। | ১২.১। বিদ্যমান আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে দ্রুততম সময়ে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন করতে হবে।<br><br>১২.২। আগামী জুলাই ২০২৬ এ মধ্যে কমপক্ষে ১০টি অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে।<br><br>১২.৩। প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ অডিট এবং জেলা পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক উপজেলা পর্যায়ের অডিট সম্পন্ন করতে হবে। | ১। সিস্টেমস ম্যানেজার<br>২। মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার<br>৩। অডিট নিষ্পত্তি কমিটি |

<table>
<tr>
<td>১৩।</td>
<td>
Freelancing সংক্রান্ত:<br>
১৩.১। সরকারের ২ (দুই) লক্ষ ফ্রিল্যান্সিং কার্ড প্রদানের লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনা করা হয়। এ লক্ষ্যে জেলা, উপজেলা ও সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহের সমন্বয়ে কার্যক্রম পরিচালনা এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাদের জন্য সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা নির্ধারণের বিষয়টি উপস্থাপিত হয়।<br>
১৩.২। কার্যক্রমের গতি বৃদ্ধি ও সমন্বয় জোরদারের লক্ষ্যে এ সংক্রান্ত অ্যাসোসিয়েশন এবং মাঠ পর্যায়ের কার্যালয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রেরণের বিষয়টি উপস্থাপন করা হয়।<br>
১৩.৪। ফ্রিল্যান্সারদের নিবন্ধন ও আইডি প্রদান সংক্রান্ত তথ্য নিয়মিত পরিসংখ্যান আকারে সংরক্ষণ ও প্রকাশের বর্তমান অবস্থা এবং ফ্রিল্যান্সিং সিস্টেম নিয়মিত হালনাগাদের মাধ্যমে তথ্যের নির্ভুলতা ও কার্যকারিতা বজায় রাখার বিষয়টি আলোচনা করা হয়। ফ্রিল্যান্সিং সিস্টেমে ফ্রিল্যান্সার নিবন্ধনের সর্বশেষ প্রাপ্ত তথ্য নিম্নরূপঃ
<table>
<tr><th>আবেদন</th><th>অনুমোদিত আবেদন</th><th>বাতিলকৃত আবেদন</th><th>সর্বমোট ব্যবহারকারী</th></tr>
<tr><td>১৫,৫৬৬</td><td>৯০১৮</td><td>৬,৩৪৭</td><td>৩৪,৭০৩</td></tr>
</table>
১৩.৬। ফ্রিল্যান্সারদের উদ্বুদ্ধকরণে প্রচার, বুস্টিং ও মোটিভেশনাল কার্যক্রম আরও সম্প্রসারণের প্রয়োজনীয়তা তুলে ধরা হয়।<br>
১৩.৭। ফ্রিল্যান্সিং নীতিমালার খসড়া দ্রুত চূড়ান্ত করার অগ্রগতির বিষয়ে আলোচনা হয়।
</td>
<td>
১৩.১। সরকারের ২ (দুই) লক্ষ ফ্রিল্যান্সিং কার্ড প্রদানের লক্ষ্যমাত্রা অর্জনে জেলা, উপজেলা ও সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনসমূহের সমন্বয়ে কার্যক্রম জোরদার এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।<br><br>
১৩.২। কমিটি সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন ও মাঠ পর্যায়ের কার্যালয়ে পত্র প্রেরণ ও প্রয়োজনীয় তথ্য সমন্বয় করবে।<br><br>
১৩.৪। ফ্রিল্যান্সিং সিস্টেম নিয়মিত হালনাগাদ এবং ফ্রিল্যান্সার নিবন্ধন ও আইডি প্রদান সংক্রান্ত তথ্য পরিসংখ্যান আকারে উপস্থাপন করতে হবে।<br><br>
১৩.৬। ফ্রিল্যান্সারদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় প্রচার, বুস্টিং ও মোটিভেশনাল কার্যক্রম জোরদার করতে হবে।<br><br>
১৩.৭। ফ্রিল্যান্সিং নীতিমালা দ্রুত চূড়ান্ত করতে হবে।
</td>
<td>
১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>
২। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর<br>
৩। Freelancing কমিটি
</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৪। | **Smart Office Management System (SOMS) এর কার্যক্রম:**<br>১৪.১। গঠিত কমিটি কর্তৃক Smart Office Management System (SOMS) এর ইন্সপেকশন মডিউল (এন্ড ইউজার কানেক্টিভিটি অংশ) চলমান এবং Asset Module উন্নয়ন কার্যক্রম হাতে নেয়া হয়েছে মর্মে জানান। এছাড়া Inspection Module এ জেলা/উপজেলা অফিস, উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন সুবিধা সংযুক্ত করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। | ১৪.১। দ্রুত সময়ের মধ্যে Smart Office Management System (SOMS) এর বর্ণিত Module সমূহ এর উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>১৪.২। SOMS অ্যাপ্লিকেশনে প্রশিক্ষণ-সংক্রান্ত তথ্য সংরক্ষণের জন্য প্রয়োজনীয় ডাটা মডিউল সংযোজন করতে হবে।<br>১৪.৩। SOMS অ্যাপ্লিকেশনে Inspection মডিউল এমনভাবে সংযোজন করতে হবে যাতে সুপারিশগুলো দেখা যায়। | ১। সিস্টেমস ম্যানেজার<br>২। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ)<br>৩। SOMS উন্নয়ন ও কার্যক্রম কমিটি |
| ১৫। | **নির্বাচনী ইশতেহার অনুযায়ী ১৮০ দিনের কর্মসূচি:**<br>১৫.১। নির্বাচনী ইশতেহার অনুযায়ী ১৮০ দিনের কর্মসূচিতে নতুন কর্মসংস্থান সৃষ্টি ও আইসিটি ভিত্তিক সেবা প্রদানের লক্ষ্যে চারটি উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর মধ্যে রয়েছে ২০০ জনকে আইসিটি প্রশিক্ষণ প্রদান, 1০,০০০ জনকে ফ্রিল্যান্সার আইডি কার্ড প্রদান, ৩৫,০০০ প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড সংযোগ প্রদান এবং ১৫টি উপজেলা প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ।<br>অগ্রগতিতে এখন পর্যন্ত 110 জন প্রশিক্ষণ পেয়েছে, ৮,894 জনকে কার্ড দেওয়া হয়েছে, 2247 টি প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড সংযোগ দেওয়া হয়েছে এবং ১5 টি উপজেলায় কেন্দ্র নির্মাণ কাজ প্রায় ৯০% সম্পন্ন হয়েছে।<br>বি. দ্র: ইন্টারনেট সংযোগের সঠিকতা যাচাই ও মনিটরিংয়ের জন্য সেন্ট্রাল NMS সফটওয়্যার প্রস্তুতকরণের কাজ চলমান। NMS প্রস্তুতকরণের পর ইন্টারনেট সংযোগ প্রদান কার্যক্রম পুনঃরায় চালুকরণের মাধ্যমে আগস্ট ২০২৬ এর মধ্যে ৩৫,০০০ টি প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান করা সম্ভব হবে বিষয়ে আলোচনা হয়। | ১৫.১। ১৮০ দিনের কর্মসূচির আওতায় নির্ধারিত ২০০ জনের মধ্যে অবশিষ্ট ৬০ জনের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ আগামী মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>১৫.২। ইন্টারনেট কানেক্টিভিটি আগস্ট ২০২৬ এর মধ্যে লক্ষ্যমাত্রার শতভাগ নিষ্পত্তি করতে হবে। | ১। প্রকল্প পরিচালক<br>২। পরিচালক (প্রশাসন)<br>৩। নির্বাচনী ইশতেহার কমিটি |
| ১৬। | **ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প:**<br>**16.1। উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণঃ**<br>ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের অগ্রগতি পর্যালোচনায় জানানো হয় যে, প্রকল্পের আওতায় ৪০০টি উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের মধ্যে ৩৩৪টির দরপত্র আহবান করা হয়েছে, যার মধ্যে ৩২৫টি-র NOA প্রদান ও চুক্তি সম্পাদন করা হয়েছে। বর্তমানে ২১৮টি উপজেলায় নির্মাণ কাজ চলমান এবং ১২০টি উপজেলার নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে নির্মাণকাজ সম্পন্নকৃত উপজেলাগুলোতে ফার্ণিচার সরবরাহ কার্যক্রম চলমান রয়েছে। "উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" পরিচালনার জন্য Standard Operating Procedure (SOP) প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে।<br>১৬.২। End User Connectivity: দেশের 1,09,244টি সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে জুন ২০২৬ পর্যন্ত ৫৭,০০০টি প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান করা হয়েছে। অবশিষ্ট কানেক্টিভিটি প্রদানের কার্যক্রম চলমান রয়েছে যা আগামী ৩ (তিন) মাসের মধ্যে সম্পন্ন করার কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বর্তমান সরকারের ১৮০দিন কর্মসূচীর সাথে সামঞ্জস্য রেখে প্রকল্পে নিয়োজিত ৩৬টি আইএসপি প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করে কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই জন্য বিদ্যমান চুক্তির মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন। এ ছাড়া, অবশিষ্ট কানেক্টিভিটি প্রদানে সার্বিক সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট অধিদপ্তর/বিভাগ/মন্ত্রণালয়ে সচিব মহোদয়কে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব মহোদয় কর্তৃক "ডিও লেটার" প্রেরণ করার বিষয়ে প্রকল্প দপ্তর কর্তৃক উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br>End User Connectivity প্রদান এবং পরবর্তীতে নেটওয়ার্ক | ১৬.১। এলজিইডি কর্তৃক চলমান "উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" নির্মাণ কার্যক্রমের বিষয়ে আগামী ডিসেম্বর ২০২৬ এবং জানুয়ারী ২০২৭ থেকে জুন ২০২৮ পর্যন্ত কর্ম পরিকল্পনা গ্যান্ট চার্টের মাধ্যমে প্রকল্প দপ্তরে আগামী ৩০-০৬-২০২৬ এর মধ্যে প্রদান করবে।<br>১৬.২। গঠিত কমিটি কর্তৃক আগামী ১০-০৭-২০২৬ তারিখের মধ্যে "উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" পরিচালনার জন্য Standard Operating Procedure (SOP) উপস্থাপন করতে হবে।<br>১৬.৩। ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের প্রয়োজন এবং আইএসপি প্রতিষ্ঠানের পারফরমেন্স পর্যালোচনায় এবং আইএসপি প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত কর্মপরিকল্পনার ভিত্তিতে End User Connectivity প্রদানের সময় বর্ধিত করা হবে।<br>১৬.৪। সংশ্লিষ্ট অধিদপ্তর/বিভাগ/মন্ত্রণালয়ে সচিব মহোদয়কে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব মহোদয় কর্তৃক "ডিও লেটার" প্রেরণ করার বিষয়ে প্রকল্প দপ্তর কর্তৃক দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | ১। প্রকল্প পরিচালক<br>২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |

| | | | |
|---|---|---|---|
| | অবকাঠামো সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ ও নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা তদারকির জন্য সহকারী প্রোগ্রামার/ প্রোগ্রামারগণকে অন্তর্ভুক্ত করে একটি কমিটি গঠনের মাধ্যমে প্রকল্পের আওতায় প্রদানকৃত End User Connectivity এর সেবার গুণগত মান নিশ্চিতকরণের জন্য হেল্প ডেক্স-এর মাধ্যমে কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন।<br>বর্তমানে প্রকল্পের আওতায় ৩৭টি প্যাকেজের মধ্যে ৩৬টি প্যাকেজে End User Connectivity প্রদান কার্যক্রম চলমান রয়েছে। অবশিষ্ট প্যাকেজের আওতায় কুমিল্লা-চাদপুর জেলার কানেক্টিভিটি প্রদানের জন্য প্রস্তাব আহবানের কার্যক্রম চলমান রয়েছে।<br>প্রকল্পের বিভিন্ন কম্পোনেন্টের জন্য মোট ১৫ জন পরামর্শক নিয়োজিত আছেন। সকল পরামর্শকগণের নিজ নিজ দায়িত্বের পাশাপাশি End User Connectivity এবং উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের নির্মাণ কাজ তদারকি দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করা হয়েছে। অবশিষ্ট প্যাকেজের আওতায় কুমিল্লা-চাদপুর জেলার কানেক্টিভিটি প্রদানের জন্য প্রস্তাব আহবানের কার্যক্রম চলমান রয়েছে। | করতে হবে।<br>১৬.৫। নেটওয়ার্ক অবকাঠামো সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ ও নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা তদারকির জন্য সহকারী প্রোগ্রামার/ প্রোগ্রামারগণকে অন্তর্ভুক্ত করে একটি কমিটি গঠন করতে হবে।<br>১৬.৬। প্রকল্পের পরামর্শকগণের প্রতি মাসের Time Sheet সংরক্ষণ করতে হবে। এবং অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রদানকৃত জেলার End User Connectivity এবং উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ কাজ তদারকির দায়িত্ব পালন করবে।<br>১৬.৭। কুমিল্লা ও চাঁদপুর জেলার জন্য আইএসপি প্রতিষ্ঠান নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| 17 । | **শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়):**<br>১৭.১। চুক্তি অনুযায়ী অপরিশোধিত অর্থ পরিশোধের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয়। এ সময় জানানো হয় যে, PPR-2008 অনুযায়ী চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হয়েছে এবং কাজ সম্পাদনকারী বিভিন্ন ভেন্ডর প্রতিষ্ঠানের জমাকৃত Performance Security ধাপে ধাপে ফেরত প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ইতোমধ্যে ০১ (এক) বছর বৃদ্ধি করা হয়েছে। একই সঙ্গে অতিরিক্ত ২,০০০টি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাব স্থাপনের লক্ষ্যে ডিপিপি সংশোধনের কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়াও অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন শাখার মাধ্যমে প্রকল্প সংক্রান্ত পিআইসি (PIC) সভাসহ অন্যান্য কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়, যাতে ভবিষ্যতে প্রকল্প-সংক্রান্ত তথ্য সহজে অনুসন্ধান ও রেফারেন্স করা যায়। | ১৭.১। রিপোর্ট সংগ্রহের ক্ষেত্রে কমিটি বিভাগ ভিত্তিক ভাগ করে ল্যাবের হালনাগাদ তথ্য সংগ্রহের কাজে প্রয়োজনীয় সহযোগিতা করবে।<br><br>১৭.২। আগামী এক সপ্তাহের মধ্যে সকল পর্যায়ের কমিটি তথ্য প্রতিবেদন আকারে উপস্থাপন করতে হবে। | ১। প্রকল্প পরিচালক<br>২। উপ-প্রকল্প পরিচালক |
| ১৮। | **বিবিধঃ**<br>১৮.১। অধিদপ্তরের কার্যক্রম সুনির্দিষ্টকরণের লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়ার বিষয়ে অতিরিক্ত মহাপরিচালকের নেতৃত্বে আলোচনা সভা সংঘঠিত হয়েছে এবং এ প্রেক্ষিতে প্রণীত খসড়াটি বর্তমানে পর্যালোচনাধীন রয়েছে। এ বিষয়ে গঠিত কমিটির কার্যক্রমের অগ্রগতির পর্যালোচনা করা হয়। কর্মপরিধি অনুযায়ী খসড়াটি চূড়ান্ত করার লক্ষ্যে চলতি সপ্তাহে আরো একটি সভা আয়োজন করে প্রয়োজনীয় মতামত গ্রহণ এবং পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা হয়।<br>১৮.২। নতুন ফ্রিল্যান্সার ও উদ্যোক্তা তৈরির লক্ষ্যে একটি নতুন প্রকল্প গ্রহণের প্রস্তাব উপস্থাপন করা হয়। এ বিষয়ে নির্ধারিত সময়ের মধ্যে কনসেপ্ট নোট ও ডিপিপির খসড়া প্রস্তুতের বিষয়টিও বিবেচনায় আনা হয়। | ১৮.১। অধিদপ্তরের কার্যক্রম সুনির্দিষ্টকরণের খসড়া পর্যালোচনা সম্পন্ন করে দ্রুত চূড়ান্ত করতে হবে।<br>১৮.২। নতুন ফ্রিল্যান্সার ও উদ্যোক্তা তৈরির লক্ষ্যে একটি নতুন প্রকল্প গ্রহণের উদ্যোগ নিয়ে ২ (দুই) সপ্তাহের মধ্যে কনসেপ্ট নোট ও খসড়া ডিপিপি প্রণয়ন করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক<br><br>২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |

২। সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে তাদের দায়িত্ব যথাযথভাবে পালন এবং প্রত্যেক মাসের ১০ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রশাসন শাখার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণের অনুরোধ জানান। এছাড়া, গঠিত কমিটিসমূহকে তাদের কার্যক্রমের বর্তমান (Current Status) অগ্রগতি প্রতিবেদনও প্রতি মাসের ১০ তারিখের মধ্যে দাখিল করার নির্দেশনা প্রদান করেন। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১-০৭-২০২৬


মোহাম্মদ সাইফুল হাসান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : +৮৮ ০২-৪১০২৪০৭২
ফ্যাক্স : +৮৮ ০২-৫৫০০৬৮৮২
ইমেইল : dg@doict.gov.bd

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩৩
১১ জুলাই ২০২৬

**নম্বর:** ৫৬.০৪.০০০০.০০০.০০৮.০৬.০০৩২.১৮.৫৪৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালক এর দপ্তর, ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি)।
২। প্রকল্প পরিচালক , প্রকল্প পরিচালকের দপ্তর, শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)।
৩। প্রধান কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৪। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৫। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) ।



১১-০৭-২০২৬
মো: আরিফুর রহমান
উপপরিচালক